

অবিভক্ত মেদিনীপুর জেলার কৈবর্ত জাতির ইতিহাস: বিংশ শতক

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে পি. এইচ.ডি
উপাধি লাভের জন্য উপস্থাপিত গবেষণা সন্দর্ভ

গবেষক

অমিয় কুমার বাউল

ইতিহাস বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রেশন নম্বর: JU/PHD/History/A00HI0501716

তত্ত্বাবধায়ক

অধ্যাপিকা মল্লয়া সরকার

ইতিহাস বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

কলকাতা ৭০০০৩২

২০২২

সারাংশ

সূচক শব্দ: মেদিনীপুর, কৈবর্ত, চাষি কৈবর্ত, জেলিয়া কৈবর্ত, মাহিষ্য, বাংলা

বর্তমান গবেষণা সন্দর্ভটি দীর্ঘ সময়ের গবেষণার ফসল হিসাবে উপস্থাপন করা হল “অবিভক্ত মেদিনীপুর জেলার কৈবর্ত জাতির ইতিহাস : বিংশ শতক” শিরোনামে। বাংলার জাতি কাঠামোয় কৈবর্তরা এমন একটি জাতি যাদের কর্মকাণ্ডের একটা দীর্ঘকালীন ইতিহাস আছে। ঔপনিবেশিক আমলে বাংলার সামাজিক, রাজনৈতিক আন্দোলনে, বিশেষত বাংলা তথা ভারতের স্বাধীনতা সংগ্রামে বিশেষ অগ্রণী ভূমিকা পালন করেছে। অন্যদিকে সংখ্যাগরিষ্ঠ জাতি সেই বিবরণ তুলে ধরার প্রয়াস নেওয়া হয়েছে। বর্তমান গবেষণায় বাংলা প্রদেশের একটি আদিম জনগোষ্ঠী কৈবর্তদের উদ্ভব, পরিচিতি, অবস্থান, জাতি পরিচয়, জাতির রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ইতিহাস ইত্যাদি বিষয়গুলির দিকে দৃষ্টিনিষ্ক্ষেপ করে বিশ্লেষণধর্মী আলোচনা করার চেষ্টা করা হয়েছে। এই গবেষণা আঞ্চলিক ইতিহাস বা local historyর অন্তর্গত হলেও গবেষণা প্রক্ষে বাংলার ইতিহাসে নিম্নজাতির অবস্থান সম্পর্কে নানা নতুন প্রশ্নের অনুসন্ধান করা হয়েছে।

এই সন্দর্ভে কৈবর্ত জাতির কর্মকাণ্ডের অনালোচিত, অ-চর্চিত বিষয়গুলি মাথায় রেখে কৈবর্ত জাতির একটি পূর্ণাঙ্গ ইতিহাস পুনর্লিখন ও পুনর্নির্মাণ করার চেষ্টা করা হয়েছে। এখানে বাংলার কৈবর্ত জাতি বিশেষত মেদিনীপুর জেলার কৈবর্তদের ভারতের স্বাধীনতা আন্দোলনে অবদান, তাদের আর্থ-সামাজিক অবস্থান, রাজনৈতিক পরিচিতি, সাংস্কৃতিক জীবন সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরার চেষ্টা করা হয়েছে।